দৈনিক সংবাদ

তারিখ ... 14 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

117

## শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

বর্তমান সরকার শিক্ষার গুরুত্ব অনুধাবন করে জাতিকে শিক্ষিত করার নানা পদক্ষেপ নিয়েছেন। শিক্ষার ক্ষেত্রে বরাদ্দ করেছেন বাজেটের সর্বাধিক অর্থ। শিক্ষার অনুকূল পরিবেশের জন্য স্থাপিত হচ্ছে নতুন নতুন শিক্ষাপ্রতিষ্ঠান, শিক্ষার অনকূল মাধ্যমিক স্কুলসমূহকে উচ্চমাধ্যমিক শ্রেণী খোলার অনুমতি দেয়া হয়েছে। শিক্ষার ক্ষেত্রে গৃহীত এসব পদক্ষেপ সত্যিই প্রশংসার দাবিদার; কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের আইনের জটিলতার ফলে সরকারের গৃহীত মহৎ পদক্ষেপসমূহ বাস্তাবায়নের পথে অন্তরায়। জাতীয় বিশ্ববিদ্যালয় ও সরকারের প্রচলিত আইন অনুযায়ী ডিগ্রি কলেজসমূহে শিক্ষকদের স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায়ই ন্যূনতম দ্বিতীয় শ্রেণী থাকা বাধ্যতামূলক করা হয়েছে। আবার কলেজিয়েট স্কুলসমূহেও শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাজীবনের সকল স্তরে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী করা হয়েছে। শিক্ষক নিয়োগের এই সকল প্রচলিত আইন অনুযায়ী শিক্ষকের অপর্যাপ্ততার ফলে ছাত্রছাত্রীগণ শিক্ষার সুফল হতে বঞ্চিত হচ্ছে। তাই শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের পুরাতন আইন অর্থাৎ স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী কলেজসমূহের ও কলেজিয়েট স্কুলসমূহের বেলায় প্রচলন করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মাননীয়া প্রধানমন্ত্রী মহোদয়ার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

এম, এল মজুমদার
৩৮১ পূর্ব নাখালপাড়া, তেজগাঁও,
ঢাকা।